

২৩.০২.১৫২৮.৫০১.৫৩.০৯৬১৭. ২২২

০২ ফেব্রুয়ারি ২০১৭

পুনঃ দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

১। বানৌটা সেবক এর নিম্নবর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত মেরামতকারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে পুনঃ দরপত্র আহ্বান করা যাচ্ছে :

কাজের বর্ণনা :

01 in no BASCCA set demand valve, control valve, pressure gauge, face mask, relief valve and regulator leaky due to fair wear & tear. BASCCA set demand valve, pressure gauge, face mask, relief valve and regulator are to be repaired/ renewed as necessary. Capacity-207 Bar.

২। দরপত্র কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম এর বরাবরে দাখিল করতে হবে।

৩। মেরামত কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট জাহাজের আইটেমসমূহ সরেজমিনে পর্যবেক্ষণ করে দরপত্র দাখিল করবেন। মেরামত কাজে অতিরিক্ত কোন যন্ত্রাংশের প্রয়োজন হলে নিজ খরচে উহা প্রদান করে মেরামত কাজ সম্পন্ন করতে হবে।

৪। দরপত্র সংক্রান্ত কোন বিষয়ে বোধগম্য না হলে জেনারেল ম্যানেজার প্ল্যানিং এন্ড এষ্টিমেটিং এর আউট সাইড এজেন্সি বিএন ডকইয়ার্ড এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

৫। বিএন ডকইয়ার্ড গার্ডরুমে রক্ষিত টেন্ডার বক্সে আগামী ০৭ ফেব্রুয়ারি ২০১৭, ১২০০ ঘটিকার পূর্বে দরপত্র জমা দিতে হবে।

৬। আগামী ০৭ ফেব্রুয়ারি ২০১৭, ১২৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে টেন্ডার বক্স খোলা হবে।

৭। কার্যাদেশ গ্রহণের ১৫ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে (বিএন ডকইয়ার্ড সিআর নং ৭৫৩১৬০০০০২ তারিখ ২১ সেপ্টেম্বর ২০১৬)।

৮। উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/বিনির্দেশ মোতাবেক হতে হবে। মেরামত কাজে আসল (Original), নতুন এবং বিদেশ হতে আমদানীকৃত উপযুক্ত যন্ত্রাংশ ব্যবহার করতে হবে।

৯। বর্ণিত কাজগুলি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারলে কর্তৃপক্ষ কার্যাদেশের মোট মূল্যের প্রতি মাসে বিলম্বের জন্য ২% হতে সর্বোচ্চ ১০% জরিমানা করতে পারবে।

১০। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা রাখে।

১১। দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট, ট্যাক্স অন্তর্ভুক্ত করে দরপত্র দাখিল করবে।

১২। কাজের পর ০১ বৎসরের সচলতার নিশ্চয়তা (Warranty) প্রদান করতে হবে।


১৩। উক্ত কাজ শিপ ফিটিং শপ ও জাহাজ এর তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

১৪। উক্ত কাজ সম্পাদনের সময় সকল জনবলের সার্বিক নিরাপত্তা সরবরাহকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

১৫। কার্য সমাপ্তির পর গ্রহণযোগ্য সনদপত্র এবং বিধি মোতাবেক অন্যান্য সকল নথিপত্রসহ দাখিলকৃত বিল সিএসডি বরাবরে পেশ করা হলে সিএসডি/এসএফসি (নৌ) ঢাকা কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১৬। দরপত্র টেন্ডার বক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের সীল মোহর যুক্ত হতে হবে। অন্যথায় উহা বাতিল বলে গণ্য হবে।

১৭। সিএসডি টেন্ডার নং ২৩.০২.১৫২৮.৫০১.৫৩.০৯৬১৭.১৭১ তারিখ ২৪ জানুয়ারি ২০১৭ মোতাবেক দরপত্রটি বাতিল করা হলো।



এম নাজমুল হক

কমান্ডার বিএন

পক্ষে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড